আরইবি এক্স অফিসার্স এসোসিয়েশন
REB Ex Officers Association (REOA)

স্মারক নং- REOA/EC/2026/007 তারিখ: ২৫/০৮/২০২৬ ইং

বিষয়: নির্বাহী কমিটির ৫ম সভার কার্যবিবরণী ।

বিগত ২৪/০৮/২৬ ইং সোমবার সকাল ১০-৩০ টায় REB সদর দপ্তর এর এক্সিকিউটিভ ভবনস্থ নীচ তলায় অবসরপ্রাপ্তদের জন্য নির্ধারিত কক্ষ তে REOA নির্বাহী কমিটির ৫ম সভা অনুষ্ঠিত হয় ।সবাইকে শারদীয় শুভেচ্ছা জানিয়ে শুরুতে সভাপতি ১৭-১২-২০২৫ তারিখের ১ম সভায় গঠিত কয়েকটি উপ কমিটির কার্যক্রম নিয়ে আলোকপাত করেন এবং আরও উদ্যোগী হবার আহ্বান জানান ।

সভায় উপস্থিতির তালিকা নিম্নে দেওয়া হলোঃ

১. জনাব নুরুল ইসলাম ভূঞা - সভাপতি
২. জনাব শাহ্ নেওয়াজ খান - সহ-সভাপতি
৩. জনাব এস এম জাফর সাদেক - সাধারন সম্পাদক
৪. জনাব মোঃ আব্দুল হাই - সহ-সাধারন সম্পাদক
৫. জনাব মোঃ বজলুর রহমান - কোষাধ্যক্ষ
৬. জনাব মোঃ নুরুজ্জামান - সহ কোষাধ্যক্ষ
৭. জনাব মোঃ আব্দুস সামাদ - প্রচার, প্রকাশনা ও দপ্তর সম্পাদক
৮. জনাব এম এ রশিদ - সদস্য
৯. জনাব কুমার চন্দ্র মন্ডল - সদস্য
১০. জনাব মোহাম্মদ মোস্তফা - সদস্য
১১. জনাব এ বি মাহমুদ হোসেন - সদস্য
১২. জনাব তপন কুমার গোলদার - সদস্য
১৩. জনাব মোঃ শাহ আলম - সদস্য
১৪. জনাব মোজাম্মেল হক - সদস্য
১৫. জনাব দুলাল চন্দ্র সাহা - সদস্য

পূর্ব অবগতি সাপেক্ষে অনুপস্থিত ছিলেন ঃ
(১) জনাব অঞ্জন কান্তি দাশ - সাংগঠনিক সম্পাদক
(২) লতিফা আখতার জাহান - সদস্য

অতপর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত ও প্রানবন্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১) ৪ র্থ সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ :

সাধারণ সম্পাদক উপস্থাপন করেন এবং সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হয় ।

২) প্রয়াত ও অসুস্থ সদস্য / সহকর্মীদের দের জন্য দোয়া :

সকল প্রয়াত ও অসুস্থ, বিশেষ করে হাসপাতালে হার্ট-চিকিৎসারত আব্দুল হালিম ও লতিফা আখতার জাহান এর অসুস্থ মাতার জন্য দোয়া করা হয় ।দোয়া পরিচালনা করেন সহ সভাপতি জনাব শাহনেওয়াজ খাঁন ।

৩) উপদেষ্টা কমিটির ১ ম সভার কার্যবিবরণী উপস্থাপন :

বিগত ৯/৮/২৬ ইং তারিখে অনুষ্ঠিত উক্ত সভার কার্যবিবরণী সাধারণ সম্পাদক উপস্থাপন করেন এবং কমিটিকে ধন্যবাদ জানিয়ে তা গ্রহণ করা হয়।

৪) সাংগঠনিক কমিটির ১ম সভার কার্যবিবরণী উপস্থাপন :

সাংগঠনিক সম্পাদক এর অনুপস্থিতিতে সাধারণ সম্পাদক বিগত ৯/৮/২৬ তারিখে অনুষ্ঠিত উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন ।কমিটির সদস্য জনাবা খালেদা ইয়াসমিন এর অনুপস্থিতি ও কার্যক্রম অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা হয় এবং তাঁর পরিবর্তে জনাব চন্দন কৃষন পাল কে সর্বসম্মতিক্রমে সাংগঠনিক কমিটির সদস্য মনোনীত করা হয় ।উক্ত কমিটির সুপারিশ অনুসারে নির্বাহী কমিটির সকলকে অনুরোধ জানানো হয় যে, প্রত্যেকে নিজ নিজ লেভেলে যাঁরা এখনও LM হননি তাঁদেরকে উদ্বুদ্ধ করবেন।

৫) কল্যান তহবিলের নীতিমালা আলোচনা ও অনুমোদন :

এতদউদ্দেশ্যে গঠিত কমিটি নীতিমালা টি সভায় উপস্থাপন করলে নির্বাহী কমিটির পক্ষ থেক কমিটির সকল সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করা হয় ।বিস্তারিত পর্যালোচনা শেষে কিয়ৎ সংশোধন (সুবিধাভোগীর বিস্তৃতি ,কমিটি ও এর কার্যপরিধি পরিবর্তন ইত্যাদি) করতঃ উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়।

৬) ৪২৪+ প্রাক্তন কর্মকর্তাগনের ডাইরেক্টরী প্রণয়ন :

প্রয়াত জিয়াউদ্দীন মাহমুদ এর অসমাপ্ত ডাইরেক্টরীর আলোকে উক্ত ৪২৪+ প্রাক্তন কর্মকর্তাগনের গ্রেডেশন অনুযায়ী একটি পূর্ণাঙ্গ ডাইরেক্টরী প্রকাশের লক্ষ্যে নিম্নলিখিত কমিটি গঠন করা হয়:

১)জনাব এস এম জাফর সাদেক - আহবায়ক
২)জনাব কুমার চন্দ্র মন্ডল -সদস্য
৩)জনাবা লতিফা আখতার জাহান -সদস্য
৪)জনাব হালিমুজ্জামান -সদস্য
৬)জনাব তপন কুমার গোলদার -সদস্য সচিব

৭) আজীবন সদস্যগনের পরিচিতি নম্বর প্রদান :

আজীবন সদস্যগনের পরিচিতি নম্বর জন্ম তারিখের অধক্রমঃ অনুযায়ী হবে ।তবে এখনও অনেক জেষ্ঠ্য কর্মকর্তা LM হননি। তাঁদের সুবিধার্থে আগামী ৩০/০৯/২০২৬ পর্যন্ত যাঁরা LM হবেন তাঁদের কে নিয়ে পরিচিতি নম্বর প্রদানের ব্যবস্থা করা হবে।

৮) আর্থিক প্রতিবেদন উপস্থাপন :

কোষাধ্যক্ষ আর্থিক প্রতিবেদন পেশ করেন এবং সর্বসম্মতিক্রমে চার লাখ টাকার স্বল্পমেয়াদী (৩মাস) এফ ডি আর পবিবোসহ জনতা ব্যাংক করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৯) ব্রেকফাস্ট পার্টি আয়োজন :

“শরতের আবাহনে   গল্প-নাস্তা-গানে”

এ মণেত্র আগামী ১২ ই সেপ্টেম্বর রোজ শনিবার সকাল ৮ ঘটিকায় পবিবোর নব-নির্মিত ক্যাফেটেরিয়াতে (এক্সিকিউটিভ ভবনের টপ ফ্লোর) আসর বসবে।আগ্রহী সদস্যগনকে আগামী ১০/০৯/২৬ তারিখ বেলা ২ টার মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে।

রেজিস্ট্রেশন ফি নিম্নরূপ:

ক)আজীবন সদস্য: ১০০/-
খ) সাধারণ সদস্য: ২০০/-
তবে সাধারণ সদস্যদের LM হওয়ার সুবিধার্থে আসরসহলে Fee সংগ্রহের ব্যবস্থা থাকবে।

আসর আয়োজক কমিটি নিম্নরূপ:

ক)জনাব আঃ সামাদ -আহবায়ক
খ)জনাব চন্দন কৃষ্ণ পাল   - সদস্য
গ)জনাব শাহ আলম -সদস্য সচিব
কমিট রেজিস্ট্রেশন কার্যক্রম ও যাবতীয় ব্যবসহাপনার দায়িত্ব পালন করবেন।

১০) ওয়েবসাইট তথ্য হালনাগাদ করণ:

REB Ex Officers List, GM list with LM status and Directory (to be published) এ গুলো পরিবর্তনশীল।এগুলো প্রতি মাসের শেষ তারিখে হালনাগাদ করে REOA এর websiteএ upload করার জন্য সাংগঠনিক কমিটির ICT বিষয়ক সদস্য জনাব তপন কুমার গোলদার কে দায়িত্ব প্রদান করা হয়।

১১) অসুস্থ কর্মকর্তার জন্য অর্থ সহায়তা :

অদ্য নীতিমালা অনুমোদিত হয়েছে।নীতিমালা অনুযায়ী ব্যবসহা গ্রহণ করা হবে।

১২) পরবতী এজিএম ও পিকনিক আয়োজন :

নির্বাহী কমিটির ক্রীড়া সংস্কৃতি ও কল্যান সম্পাদক জনাব খালেদ হোসেন কে প্রয়োজনে অন্য সদস্যের সহযোগিতা নিয়ে ঢাকার উপকণ্ঠে আগামী ডিসেম্বরের প্রথমার্ধে রিসোর্ট সিলেকশনের দায়িত্ব প্রদান করা হয়।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস এম জাফর সাদেক)
সাধারন সম্পাদক

(মোঃ নুরুল ইসলাম ভূঞা)
সভাপতি